[illegible] 18 SEP [illegible]
পৃষ্ঠা ২ [illegible] ৭

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে কোন্ নিষেধাজ্ঞা জারি করা হয় নাই

সম্প্রতি বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত বিশ্ববিদ্যালয়ে নূতন নিয়োগ বন্ধ সংক্রান্ত একটি খবর সম্পর্কে গতকাল (রবিবার) এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক,

(২য় পৃঃ দ্রঃ)

## নিষেধাজ্ঞা জারি করা হয় নাই

(১ম পৃঃ পর)

কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, পদোন্নতি ও আপ-গ্রেডেশন সংক্রান্ত বিষয়ে সরকার কোন নিষেধাজ্ঞা জারি করেন নাই। প্রেসিডেন্টের সচিবালয়ের পক্ষ হইতে জনৈক আজিজ আহম্মদ, সহকারী সচিবের স্বাক্ষরে গত ২৪শে আগষ্ট জারিকৃত তথাকথিত নিষেধাজ্ঞা সম্বলিত যে পত্রটি নিয়া বর্তমানে বিভ্রান্তিকর পরিস্থিতির উদ্ভব হইয়াছে, সে প্রসংগে উল্লেখ্য যে, প্রেসিডেন্টের সচিবালয়ে কোন সহকারী সচিবের পদ নাই এবং ঐরূপ কোন সরকারী সিদ্ধান্তও তথায় গৃহীত হয় নাই বিধায় পত্রটি ভুয়া।

তথ্য বিবরণীতে উল্লেখ করা হয় যে, কোন ব্যক্তি, ব্যক্তিবর্গ বা স্বার্থান্বেষী মহল কর্তৃক সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার অপপ্রয়াসে বিতরণকৃত উক্ত ভুয়া পত্রটির বিষয়ে তদন্ত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হইয়াছে। উল্লিখিত পত্রটি যে ভুয়া তাহা বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষকে জানানো হইয়াছে।